



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা

জাতীয় সঞ্চয় স্কীমের মুনাফার হার পুনর্নির্ধারণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

তারিখ, ০৯ জ্যৈষ্ঠ, ১৪২২বঙ্গাব্দ/২৩ মে, ২০১৫ খ্রিস্টাব্দ।
প্রজ্ঞাপন নং-০৮.০০.০০০০.০৪১.২২.০০৩.৯৭(অংশ)/১৪৫

সরকার জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত নিম্নলিখিত সঞ্চয় স্কীমসমূহের পার্শ্বে উল্লিখিত মুনাফার হার পুনর্নির্ধারণ করিলঃ

ক্র/নং	সঞ্চয় স্কীমসমূহের নাম	বিদ্যমান মুনাফার হার	পুনর্নির্ধারিত মুনাফার হার
০১.	পরিবার সঞ্চয়পত্র (৫ বছর মেয়াদি)	১৩.৪৫%	১১.৫২%
০২.	পেনশনার সঞ্চয়পত্র (৫ বছর মেয়াদি)	১৩.১৯%	১১.৭৬%
০৩.	ডাকঘর সঞ্চয় ব্যাংক - মেয়াদি হিসাব (৩ বছর মেয়াদি)	১৩.২৪%	১১.২৮%
০৪.	৫-বছর মেয়াদি বাংলাদেশ সঞ্চয়পত্র	১৩.১৯%	১১.২৮%
০৫.	৩-মাস অন্তর মুনাফা ভিত্তিক সঞ্চয়পত্র (৩ বছর মেয়াদি)	১২.৫৯%	১১.০৪%

- ০২। ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ডের (০৫ বছর মেয়াদি) ক্ষেত্রে সামাজিক নিরাপত্তা প্রিমিয়াম সমন্বয়পূর্বক মুনাফার হার ১২%-এ নির্ধারণ করা হইল। ফলশ্রুতিতে ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ডের সুদের হার অপরিবর্তিত থাকিবে;
- ০৩। সঞ্চয় স্কীমের ক্ষেত্রে উৎসে আয়কর কর্তনের বিধান বহাল থাকিবে;
- ০৪। সামাজিক নিরাপত্তা প্রিমিয়াম প্রদানের বিদ্যমান সুবিধা বাতিল করা হইল;
- ০৫। হিসাবের সুবিধার্থে মাসিক/০৩ মাস/০৩ বছর (মেয়াদান্তে)/০৫ বছর (মেয়াদান্তে) মেয়াদি সঞ্চয় স্কীমসমূহের মুনাফার পরিমাণ ৫ (পাঁচ) গুণিতক সংখ্যায় নির্ধারণ করা হইল;
- ০৬। এই আদেশ প্রজ্ঞাপন জারির তারিখ হইতে কার্যকর হইবে। এই প্রজ্ঞাপন জারির তারিখের পূর্বে ক্রয়কৃত সকল সঞ্চয় স্কীমের ক্ষেত্রে ক্রয়কালীন সময়ে প্রযোজ্য হারে মুনাফা প্রদেয় হইবে।



আপনাদের সেবায়:
জাতীয় সঞ্চয় অধিদপ্তর, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
৬২/৩, এন.এস.সি. টাওয়ার (১৮ তলা), পুরানা পল্টন, ঢাকা-১০০০
www.nationalsavings.gov.bd